

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মে ১৯, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

প্রজ্ঞাপন

ঢাকা, ০২ জ্যৈষ্ঠ ১৪২৬ / ১৬ মে ২০১৯

নম্বর: ০৪.০০.০০০০.৬১১.০৬.০০২.১৯.১৪৫—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন অর্জন উদ্দেশ্যসমূহ ২০৩০ অর্জন নিশ্চিতকল্পে জেলা পর্যায়ে সরকারি দপ্তর, বেসরকারি সংস্থা এবং ব্যক্তিগত পরিচালিত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন ও সমন্বয়ের জন্য 'টেকসই উন্নয়ন অর্জন উদ্দেশ্যসমূহ (SDGs) বাস্তবায়ন ও সমন্বয় সম্পর্কিত জেলা কমিটি' নিম্নরূপে গঠন করেছে:

(ক) কমিটির গঠন:

- | | | | |
|-----|---|---|----------|
| (১) | মাননীয় সংসদ সদস্য (সকল) | : | উপদেষ্টা |
| (২) | জেলা প্রশাসক | : | সভাপতি |
| (৩) | চেয়ারম্যান, জেলাপরিষদ এর প্রতিনিধি | : | সদস্য |
| (৪) | জেলা পর্যায়ের পৌরসভা/সিটি কর্পোরেশনের মেয়র/প্রতিনিধি | : | সদস্য |
| (৫) | জেলা পর্যায়ে অবস্থিত মন্ত্রণালয়/বিভাগসমূহের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কার্যালয়-এর প্রধানগণ | : | সদস্য |
| (৬) | উপজেলা নির্বাহী অফিসার (সকল) | : | সদস্য |
| (৭) | এনজিও ও সুশীল সমাজের প্রতিনিধি, ২ (দুই) জন পুরুষ ও ২ (দুই) জন মহিলা (সভাপতি কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| (৮) | ব্যবসায়ী ও পেশাজীবী সংগঠন-এর প্রতিনিধি, ২ (দুই) জন পুরুষ ও ২ (দুই) জন মহিলা (সভাপতি কর্তৃক মনোনীত) | : | সদস্য |

(১৫৯২১)

মূল্য : টাকা ৪.০০

- (৯) প্রান্তিক ও পশ্চাৎপদ জনগোষ্ঠী (যেমন- প্রতিবন্ধী সংগঠন, ক্ষুদ্র জাতিসত্তা, নৃ-গোষ্ঠী)-এর প্রতিনিধি, ১ (এক) জন পুরুষ ও ১(এক) জন মহিলা (সভাপতি কর্তৃক মনোনীত) : সদস্য
- (১০) সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা প্রেসক্লাব : সদস্য
- (১১) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় : সদস্য-সচিব

(খ) কমিটির কার্যপরিধি :

- (১) বাংলাদেশের এসডিজি অগ্রাধিকার তালিকাকে প্রাধান্য দিয়ে, এসডিজি বাস্তবায়নে জাতীয় কর্মপরিকল্পনা ও স্থানীয়করণ সংক্রান্ত নীতিমালা অনুসরণ;
- (২) স্থানীয় প্রেক্ষিত বিবেচনায় জেলা পর্যায়ে এসডিজি বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনা গ্রহণ, বাস্তবায়ন সমন্বয়, তত্ত্বাবধান ও পরিবীক্ষণ;
- (৩) জেলা পর্যায়ে এনজিওসমূহের এসডিজি বিষয়ক কর্মপরিকল্পনাসমূহের সমন্বয় সাধন, মনিটরিং ও কর্মপরিকল্পনা বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান;
- (৪) উপজেলা পর্যায়ের কার্যক্রম পরিবীক্ষণ, অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনা ও বিশ্লেষণপূর্বক উপজেলা বাস্তবায়ন ও সমন্বয় কমিটিকে প্রয়োজনানুযায়ী নির্দেশনা প্রদান;
- (৫) এসডিজি অগ্রাধিকার তালিকা অনুযায়ী অগ্রগতি বিষয়ে মাসিক সভা আহ্বান এবং বাস্তবায়ন অগ্রগতি বিভাগীয় কমিশনার এবং মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিতকরণ;
- (৬) এসডিজি বিষয়ে সচেতনতা তৈরির জন্য জেলা পর্যায়ে সভা, সেমিনার, কর্মশালা ও প্রশিক্ষণের আয়োজন; ও
- (৭) বিবিধ।
- (গ) কমিটি প্রয়োজনে অন্য কোনো ব্যক্তি/কর্মকর্তাকে সদস্য হিসাবে কো-অপ্ট করতে পারবে।
- (ঘ) কমিটির সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

ড. আবু সালেহ্ মোস্তফা কামাল
যুগ্মসচিব (কমিটি ও অর্থনৈতিক)

ফোন: ৯৫৭১৬০০

e-mail: js_economic@cabinet.gov.bd